পাইকগাছা পৌরসভা
খুলনা

স্মারক নং-৪৬.০০.৪৭৬৪.০০৮.৩৩.০০১.২০২৬-৩১৮ তারিখ- ৩০/০৭/২০২৬ ইং।

## "ঠিকাদারী/সরবরাহকারী লাইসেন্স নতুন/নবায়ন এর বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাইকগাছা পৌরসভার ঠিকাদারী লাইসেন্স/ সরবরাহকারী তালিকাভুক্তিদের ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য নবায়ন/নতুন তালিকাভুক্তি নিম্নের বর্ণনা মোতাবেক করা যাবে। যারা লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তি করতে ব্যর্থ হবেন তাঁরা চলতি অর্থ বছরে পৌরসভার উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ করার যোগ্য বলে বিবেচিত হবেন না।

| ট্রেড লাইসেন্স | ঠিকাদারী/সরবরাহকারী লাইসেন্স ফি (নতুন) | ঠিকাদারী/সরবরাহকারী লাইসেন্স ফি (নবায়ন) | নবায়নের সময়সীমা জরিমানাবিহীন | ৫০% জরিমানাসহ নবায়নের সময়সীমা |
|---|---|---|---|---|
| হাল সনের | ৫০০০/- এবং ১৫% ভ্যাট চালানের মাধ্যমে জমা দিতে হবে। | ২০০০/- এবং ১৫% ভ্যাট চালানের মাধ্যমে জমা দিতে হবে। | ০৪/০৮/২০২৬ইং হইতে ৩১/০৮/২০২৬ ইং পর্যন্ত। | ০১/০৯/২০২৬ইং হইতে ৩০/০৯/২০২৬ ইং পর্যন্ত। |

শর্তাবলী

০১। নতুন ঠিকাদারী লাইসেন্স এর ক্ষেত্রে আগামী ০৮/০৯/২০২৬ ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত হিসাব শাখা হতে ২০০/- (দুইশত) টাকা দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। আবেদপত্র পুরণ করে আগামী ১৫/০৯/২০২৬ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নির্বাহী প্রকৌশলী, পাইকগাছা পৌরসভা, খুলনা এর নিকট জমা প্রদান করতে হবে।

০২। লাইসেন্স ফিস এর অর্থ বিডি/সিডি/পি-অর্ডার আকারে প্রশাসক, পাইকগাছা পৌরসভা এর অনুকুলে জমা দিতে হবে।

০৩। ঠিকাদার হিসাবে নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, আর্থিক সচ্ছলতার সনদপত্র, পৌর ট্রেড লাইসেন্স, TIN সার্টির্সফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশনের সনদপত্র এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। নতুন তালিকাভুক্তিদের তালিকাভুক্তিকরণ কমিটির সুপারিশ ও প্রশাসকের অনুমোদনের পরে পত্র দ্বারা জানানো হবে এবং তালিকাভুক্তদের অর্থ সিডি/বিডি/পে-অর্ডার আকারে ৩০/০৯/২০২৬ ইং তারিখের মধ্যে জমা দিতে হবে।

০৫। ১০০% জরিমানা দিয়ে ৩০ জুন, ২০২৭ পর্যন্ত লাইসেন্স নবায়ন করা যাবে। যারা বিগত অর্থ বছরে লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হয়েছেন তারা বিধি মোতাবেক ফি জমা প্রদান করে লাইসেন্স নবায়ন করতে পারবেন।

এ ব্যাপারে প্রয়োজনীয় তথ্য অফিস চলাকালীন সময় পৌরসভার প্রকৌশল বিভাগ/হিসাব শাখা হতে জানা যাবে।

৩০/০৭/২০২৬
ওয়াসিউজ্জামান চৌধুরী
প্রশাসক
পাইকগাছা পৌরসভা, খুলনা।

নিচের অংশটুকু সংবাদপত্রে প্রকাশের জন্য নয়।
অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৬।
০২। জনাব ...................................... সদস্য ......... নং ওয়ার্ড, পাইকগাছা পৌরসভা, খুলনা।
০৩। নির্বাহী প্রকৌশলী, পাইকগাছা পৌরসভা, খুলনা।
০৪। পৌর নির্বাহী কর্মকর্তা, পাইকগাছা পৌরসভা, খুলনা।
০৫। জনাব ...................................................... ঠিকাদার, পাইকগাছা পৌরসভা, খুলনা।

অনুলিপি :
১। সম্পাদক, দৈনিক সমাজের কথা, গোহাটা রোড, লোহাপট্টি, যশোর। কেবলমাত্র বিজ্ঞপ্তির অংশটুকু আপনার দৈনিক পত্রিকার ভেতরের পাতায় যতদুর সম্ভব স্বল্প পরিসরে (৩ কলামে ৫ ইঞ্চি আকারে ১ (এক) দিন প্রকাশের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
২। অফিস কপি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

F:\Accounts\Acount-26\Contractor License Renew.doc